সমকাল
■ বুধবার ॥ ১৬ সেপ্টেম্বর ২০২৬ ॥ ১ আশ্বিন ১৪৩৩

নোটিশ বোর্ড


# নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে লেখালিখি নিয়ে সার্টিফিকেট কোর্স

North South University Library ★1992★

প্রফেশনাল রাইটিংয়ের কৌশল শেখাতে নর্থ সাউথ ইউনিভার্সিটির এনএসইউ রাইটিং সেন্টার একটি বিশেষ সার্টিফিকেট কোর্স চালু করেছে। রাইটিং ফর প্রফেশনালস শীর্ষক এই কোর্স এমনভাবে সাজানো হয়েছে, যা অংশগ্রহণকারীদের প্রাতিষ্ঠানিক লেখালেখির ভয় কাটিয়ে আত্মবিশ্বাসী করে তুলবে।

**বিস্তারিত**

নর্থ সাউথ ইউনিভার্সিটি রাইটিং সেন্টারের এই কোর্স পেশাজীবী ও শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধিতে একটি পূর্ণাঙ্গ প্যাকেজ হিসেবে কাজ করবে। মোট সাত সপ্তাহ মেয়াদি এই কোর্সের প্রতিটি ক্লাসের দৈর্ঘ্য তিন ঘণ্টা।




অংশগ্রহণকারীদের সুবিধার জন্য কোর্সটিকে দুটি ভিন্ন সেকশনে ভাগ করা হয়েছে। কোর্সটিতে অংশ নিয়ে শিক্ষার্থীরা মূলত মেমো ও রিপোর্ট প্রস্তুত করা, এক্সিকিউটিভ সামারি তৈরি, ফরমাল বিজনেস লেটার বা ব্যবসায়িক চিঠি লেখা এবং প্রপোজাল রাইটিংয়ের বিভিন্ন কৌশল হাতে-কলমে শিখতে পারবেন।

**কোর্সটির সফল সমাপ্তির পর**

অংশগ্রহণকারীদের হাতে আনুষ্ঠানিকভাবে একটি সার্টিফিকেট তুলে দেওয়া হবে, যা তাদের বায়োডাটা বা সিভির মান বহুগুণ বাড়িয়ে দেবে। কোর্স ফি ১৫ হাজার টাকা।

**কোর্সের আবেদনের পদ্ধতি**

এই সার্টিফিকেট কোর্সে অংশ নিতে ইচ্ছুক প্রার্থীদের নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইনে আবেদনের প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত কিউআর কোড স্ক্যান করে সরাসরি সাইনআপ করার সুযোগ রয়েছে। এ ছাড়া কোর্সের বিস্তারিত তথ্য, আবেদন ফরম ও অন্যান্য নির্দেশিকা পাওয়ার জন্য এনএসইউ রাইটিং সেন্টারের অফিসিয়াল ওয়েবসাইটে যোগাযোগ করা যাবে। আবেদন করার শেষ তারিখ ২৮ সেপ্টেম্বর ২০২৬। আবেদনের প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর ক্লাস শুরু হবে চলতি বছরের অক্টোবরের প্রথম সপ্তাহে। আবেদনের ঠিকানা ও যোগাযোগের মাধ্যম নর্থ সাউথ ইউনিভার্সিটির এই সার্টিফিকেট কোর্সে আবেদন বা যে কোনো ধরনের তথ্যের জন্য সরাসরি যোগাযোগ করা যাবে বিশ্ববিদ্যালয়টির ক্যাম্পাসে অবস্থিত রাইটিং সেন্টারে।

**বিস্তারিত–**
https://www.facebook.com/photo/?fbid=1221381509372005 99&set=a.122137717575200599

**গ্রন্থনা: সাজিদ রাহমান**